

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ প্রশিক্ষণ কেন্দ্র

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), প্রশিক্ষণ কেন্দ্র

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.০০০.২২৯.০৮.০৬২৪.২৩ নথির বিষয়: “অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও জিআরএস সফটওয়্যার” বিষয়ে প্রশিক্ষণ
নোট: ৫ নোটের বিষয়: “অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও জিআরএস সফটওয়্যার” বিষয়ে ০৪টি প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ৫.০ - তারিখঃ ২৫/৫/২৫ ১২:১০ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এ “অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও জিআরএস সফটওয়্যার” বিষয়ে প্রশিক্ষণ আয়োজনের বাধ্যবাধকতা রয়েছে। এছাড়াও তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মডস সার্কেল-২ ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা, ঢাকা ওয়াসা, পলিসি সাপোর্ট অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের এপ্রিল ২০২৫ মাসের সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে উক্ত বিষয়ে প্রশিক্ষণ আয়োজনের অনুরোধ জানিয়েছেন (সংযুক্তি-১)। তদপ্রেক্ষিতে আগামী ২৩, ২৪, ২৫ ও ২৬ জুন ২০২৫ তারিখে ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রে প্রত্যহ সকাল ০৯.০০ হতে দুপুর ০২.০০ সময়ে উক্ত বিষয়ে ০৪ টি প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে। উক্ত ০৪ টি প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য জনাব মোঃ শাহ আলম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মডস সার্কেল-২ ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা, ঢাকা ওয়াসা এর সাথে আলোচনাক্রমে প্রস্তুতকৃত ০৪ প্রশিক্ষণের প্রত্যেকটিতে ২০ জন হিসেবে মোট ৮০ (ষাট) জন অংশগ্রহণকারীর তালিকা (সংযুক্তি-২) এবং খসড়া কর্মসূচী (সংযুক্তি-৩) সদয় হয়ে দেখা যেতে পারে। প্রস্তাবিত খসড়া তালিকায় উল্লিখিত কোন প্রশিক্ষণার্থী যৌক্তিক কারণে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে অপারগ হলে সমপর্যায়ের অন্য আগ্রহী কর্মচারীকে আমন্ত্রণ জানানো হবে। প্রশিক্ষণ ০৪ টির প্রত্যেকটিতে নিম্নোক্ত ৩ জন কর্মকর্তাকে বক্তা হিসেবে আমন্ত্রণ জানানো হবেঃ

১. জনাব এসএম মোস্তফা কামাল মজুমদার, বাণিজ্যিক ব্যবস্থাপক, ঢাকা ওয়াসা।
২. জনাব মোঃ মশিউর রহমান খান, সচিব, ঢাকা ওয়াসা।
৩. জনাব মোঃ শাহ আলম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মডস সার্কেল-২ ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা, ঢাকা ওয়াসা।

উল্লেখ্য, উপরোক্ত ০৩ জন বক্তার সাথে আলোচনাক্রমে প্রশিক্ষণ কর্মসূচী প্রণয়ন ও প্রশিক্ষণের তারিখ নির্ধারণ করা হয়েছে।

সংযুক্তিসমূহ (৩):

- ১। অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা, ঢাকা ওয়াসা হতে প্রাপ্ত পত্র.pdf
- ২। PPs List_Dnothi.pdf
- ৩। GRS_Programe.pdf

অনুচ্ছেদ ৫.১ - তারিখঃ ২৫/৫/২৫ ১২:১০ অপরাহ্ন

উক্ত ০৪টি প্রশিক্ষণ আয়োজনের সম্ভাব্য ব্যয় নিম্নরূপঃ


(ক) বক্তার সম্মানী	২৪,০০০/-	(৩ সেশন ২০০০/- টাকা হারে×৪ টি প্রশিক্ষণ)
(খ) প্রশিক্ষণার্থীদের ভাতা	৩২,০০০/-	(২০ জন ৪০০/- হারে×৪ টি প্রশিক্ষণ)
(গ) কোর্স পরিচালকের ভাতা	৬,০০০/-	১,৫০০/- টাকা হারে ৪ দিন
(ঘ) কোর্স সমন্বয়কের ভাতা	৪,৮০০/-	১,২০০/- টাকা হারে ৪ দিন
(ঙ) দুপুরের খাবার ও চা নাস্তা	৬০,৩২০/-	(বক্তা ও সাপোর্টিং স্টাফসহ ২৬ জন ৫৮০/- টাকা হারে×৪ টি প্রশিক্ষণ)
(চ) পানি	২,১৬০/-	(আধা লিটার ৪ কেস ১৩৫/- টাকা হারে×৪ টি প্রশিক্ষণ)
(ছ) পাটের ব্যাগ, নোটবুক ও কলম	৩০,৪০০/-	(৪টি প্রশিক্ষণের জন্য ৮০ সেট ৩৮০/- টাকা হারে)
(জ) ফটোকপি ও বিবিধ	১২,০০০/-	৪ টি প্রশিক্ষণের জন্য আনুমানিক লামসাম
সর্বমোট	=১,৭১,৬৮০/-	(কথায়ঃ টাকা এক লক্ষ একাত্তর হাজার ছয়শত আশি মাত্র)

অনুচ্ছেদ ৫.২ - তারিখঃ ২৫/৫/২৫ ১২:১১ অপরাহ্ন

এমতাবস্থায়, উক্ত ০৪ প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য সংযুক্ত তালিকায় উল্লিখিত প্রতি ব্যাচে ২০ (বিশ) জন হিসেবে মোট ৮০ (আশি) জন কর্মকর্তার মনোনয়ন, “অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও জিআরএস সফটওয়্যার”-শীর্ষক প্রশিক্ষণ এর কর্মসূচী এবং প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজনীয় ব্যয় নির্বাহের নিমিত্তে প্রশিক্ষণ কেন্দ্রের “প্রশিক্ষণ ফি” খাতের বরাদ্দ হতে সর্বমোট =১,৭১,৬৮০/- (এক লক্ষ একাত্তর হাজার ছয়শত আশি মাত্র) টাকা ব্যয়ের এবং ক্ষেত্রমতে প্রয়োজ্য ভ্যাট ঢাকা ওয়াসা হতে বহন করার অনুমোদনসহ উক্ত পরিমাণ টাকা প্রধান প্রশিক্ষণ

কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত বাজেটে উল্লিখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃত ব্যয় কম/বেশী হতে পারে। তবে মোট প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। প্রশিক্ষণ সমাপ্তির পর সমুদয় ব্যয়ের অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।


সদয় অনুমোদনের জন্য পেশ করা হ'ল।



২৫/৫/২৫ ১২:১২ অপরাহ্ন
মোঃ ওয়াজ উদ্দীন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
(কারকিলাম ও মূল্যায়ন)
প্রশিক্ষণ কেন্দ্র



২৫/৫/২৫ ১২:১৪ অপরাহ্ন
এ এম মোস্তফা তারেক
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চলতি দায়িত্ব)
প্রশিক্ষণ কেন্দ্র




২৯/৫/২৫ ৫:০৬ অপরাহ্ন
ড. মুহা. মনিরুজ্জামান
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ
ও প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ
ও প্রশাসন) এর দপ্তর

২৯/৫/২৫ ৫:০৬ অপরাহ্ন
মোঃ শাহজাহান মিয়া

ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

অনুচ্ছেদ ৫.৩ - তারিখঃ ৪/৬/২৫ ৮:০০ অপরাহ্ন


Approved



৪/৬/২৫ ৮:০০ অপরাহ্ন
মোঃ শাহজাহান মিয়া
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর



৪/৬/২৫ ৮:১৬ অপরাহ্ন
এ এম মোস্তফা তারেক
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চলতি দায়িত্ব)
প্রশিক্ষণ কেন্দ্র



৫/৬/২৫ ৭:৩০ পূর্বাহ্ন
মোঃ ওয়াজ উদ্দীন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
(কারকিলাম ও মূল্যায়ন)
প্রশিক্ষণ কেন্দ্র